সচেতন ও কার্যকর দায়িত্ব পালন করতে হবে- সাহিদুজ্জামান খোকন এমপি

অকুতোভয় তারুণ্যের সমাবেশ,গড়বো আগামীর সোনার বাংলাদেশ ” এই প্রতিপাদ্য কে ধারণ করে গাংনীতে দিনব্যাপি তৃতীয় ইয়ুথ কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বেলা ১১ টায় গাংনী অডিটোরিয়ামে শুরু হয়ে দিনব্যাপী অনুষ্ঠিত ইয়ুথ কনফারেন্সে অনুষ্ঠিত হয়েছে।

দি হাঙ্গার প্রজেক্ট এর সহযোগী প্রতিষ্ঠান ইয়ুথ এন্ডিং হাঙ্গারের গাংনী উপজেলার সকল ইউনিটের আয়োজনে এ কনফারেন্স অনুষ্ঠিত হয়।

তৃতীয় ইয়ুথ কনফারেন্স এর আহবায়ক জেলা ইয়ুথ কোর্ডিনেটর ইনজামামুল হকের সভাপতিত্বে এবং ইরফানা তাসনুবা অদিতি এর সঞ্চালনায় প্রথম পর্বের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু, জাতীয় কন্যা শিশু এডভোকেসী ফোরামের জেলা সভাপতি সিরাজুল ইসলাম , দি হাঙ্গার প্রজেক্টের যশোর অঞ্চলের কোর্ডিনেটর খোরশেদ আলম। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সুজন এর জেলা সাধারণ সম্পাদক ও লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক সাংবাদিক রফিকুল আলম বকুল, গাংনী উপজেলা সাধারণ সম্পাদক এ এস এম আবু সাদাত সায়েম, প্রভাষক শফি কামাল পলাশ, দি হাঙ্গার প্রজেক্টের হাংনী এলাকা সমন্বয়কারী হেলাল উদ্দীন, সাংস্কৃতিক কর্মী ও বিশিষ্ট ব্যবসায়ী আজিজুল হক রানু, জিজিএস ফোরামের সভাপতি মো: আব্দুর রব ।

অনুষ্ঠানে ইয়ুথ এন্ডিং হাঙ্গার এর ফিরোজ আহম্মেদ পলাশ, শিরিন শারমিন,হুসাইন বাদশা, ইশরাত জাহান ইভা, মাহফুজ রাব্বি অনিক, রাকিবুল ইসলাম রকি সহ ইয়ুথ এন্ডিং হাঙ্গার এর সদস্যরা।দি হাঙ্গার প্রজেক্টের সহযোগী সংগঠন ইয়ুথ এন্ডিং হাঙ্গার এর সদস্যরা স্যানিটেশন, শিক্ষা স্বাস্থ্য সহ দেশের যে কোন প্রয়োজনে কাজ করে থাকে। বিশেষ করে করেনা মোকাবিলায় এ সংগঠনের সদস্যরা নিজের

[redacted]

[redacted]

[redacted]

[

অভিভাবকের অভিযোগ

গাংনী সূর্যোদয় স্কুল এন্ড কলেজের বহুল আলোচিত পরিচালক আবুল কাসেমের বিরুদ্ধে এবার সাজ্জাদ হোসেন নামের একজন অভিভাবক ইউএনও বরাবর লিখিত অভিযোগ দায়ের করেছেন। তার মেয়ে ফারজানা সাজ্জাদের এসএসসি পরীক্ষার প্রবেশপত্র নিতে গেলে অতিরিক্ত ২৪ শ টাকা দাবী করে প্রবেশপত্র আটকিয়ে রেখেছে বলে অভিযোগ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার (২৫ এপ্রিল) গাংনী উপজেলা নির্বাহী অফিসারকে (ইউএনও) দেওয়া লিখিত অভিযোগের অনুলিপি গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও মেহেরপুর প্রতিদিনকেও দিয়েছেন অভিযোগকারী সাজ্জাদ হোসেন।

লিখিত অভিযোগে সাজ্জাদ হোসেন বলেন, আমার মেয়ে ফারজানা সাজ্জাদ গাংনী সূর্যোদয় স্কুল এন্ড কলেজ থেকে চলতি বছরে এসএসসি পরীক্ষার্থী। জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত তার স্কুলের বেতন পরীক্ষার ফিস ও অন্যান্যসহ সমস্ত বকেয়া পরিশোধ আছে। আমি আমার মেয়ের পরীক্ষার প্রবেশপত্র আনার জন্য সূর্যোদয় স্কুল এন্ড কলেজের পরিচালক আবুল কাসেমের কাছে যায়। প্রবেশপত্র চাইলে তিনি অতিরিক্ত ২৪ শ টাকা দাবী করেন। তার দাবীকৃত ২৪’শ না দিলে প্রবেশপত্র দেবেনা বলে জানান তিনি। এই টাকা কেনো চাচ্ছেন এমন প্রশ্ন করলে তিনি কোনো জবাব না দিয়ে বলেন আমি প্রবেশপত্র বাবদ ২৪ শ টাকা পেয়ে থাকি। তোমাকেও ২৪ শ টাকা দিতে হবে। আমি গরীব মানুষ অতিরিক্ত টাকা দেওয়ার সামর্থ নেই। মেয়ের পরীক্ষা পাওয়ার জন্য সাজ্জাদ হোসেন ইউএনও’র সুদৃষ্টি কামনা করেছেন।

গাংনী সূর্যোদয় স্কুল এন্ড কলেজ থেকে চলতি বছরে ৪৫ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেবে বলে জানায় বিদ্যালয়ের একটি সূত্র।

এব্যাপারে গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার বলেন, একটি লিখিত অভিযোগ পাওয়া গেছে। সাজ্জাদ হোসেন নামের এক অভিভাবক এই অভিযোগ ইউএনও স্যারকে দিয়েছে। তারই অনুলিপি আমাকে দিয়েছেন। আমি সাথে সাথে সূর্যোদয় স্কুল এন্ড কলেজের পরিচালক আবুল কাসেম সাহেবকে ফোন দিয়েছি।

তিনি আরও বলেন, এর আগে বিদ্যালয়ের এক প্রাক্তন শিক্ষক তার শিক্ষা সনদ ও বকেয়া বেতন পরিশোধ না করার কারণে আবুল কাসেমের বিরুদ্ধে লিখিত অভিযোগ দিয়েছিলেন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সহকারি বজলুর রহমান বলেন, লিখিত অভিযোগ পাওয়া গেছে। অভিযোগটি ডকেট করে ইউএনও স্যারের বরাবর পাঠানো হয়েছে।

গাংনী যাত্রা শিল্পী উন্নয়ন পরিষদের কমিটি গঠন সভাপতি আজগর সম্পাদক অল্ডাম

বাংলাদেশ যাত্রাশিল্প উন্নয়ন পরিষদের গাংনী উপজেলা শাখার কার্যকরী কমিটি গঠন সম্পন্ন হয়েছে। বিলুপ্ত প্রায় সুস্থ বিনোদনের মাধ্যম ঐতিহ্যবাহী গ্রামীণ সংস্কৃতির শেকড় দর্শক নন্দিত যাত্রাশিল্পকে ফিরিয়ে আনার প্রত্যয়ে গাংনীতে গঠন করা হয়েছে কার্যকরী কমিটি। গত রবিবার সকাল ১১ টার সময় গাংনীর ঐতিহ্যবাহী নাট্যক্লাব ‘সীমান্ত অপেরা’র নিজস্ব কার্যালয়ে ত্রি-বার্ষিক কর্মী সম্মেলনের মাধ্যমে সর্বসম্মতিক্রমে ৩৫ সদস্য বিশিষ্ট উপজেলা কমিটি গঠিত হয়েছে।

সীমান্ত অপেরা’র পরিচালক ও প্রযোজক আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে কর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়। ব্যাপক আলোচনা শেষে নাট্যশিল্পী আলী আজগরকে সভাপতি ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম কে সাধারন সম্পাদক মনোনীত করে কার্যকরী নির্বাহী কমিটি গঠন করা হয়।

উপজেলা কমিটির উপদেষ্টা মন্ডলীকে রয়েছেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব সর্বজন শ্রদ্ধেয় সিরাজুল ইসলাম,কমরেড আব্দুল মাবুদ, আবুল কাশেম অনুরাগী সহ যাত্রাশিল্পী সংস্কৃতির সাথে জড়িত ব্যক্তিবর্গ।

একইভাবে গাংনী পৌর কমিটিও গঠন করা হয়। যাত্রাশিল্পী সংগঠক মো. কুতুবউদ্দীনকে সভাপতি ও নাট্যশিল্পী আকবর আলীকে সাধারন সম্পাদক মনোনীত করে ২৫ সদস্য বিশিষ্ট পৌর কার্যকরী কমিটি গঠন করা হয়। গাংনী পৌর কমিটির উপদেষ্টা মন্ডলীতে রয়েছেন সাংবাদিক আমিরুল

ইসলাম অল্ডাম, আজিজুল হক রানুসহ সংস্কৃতিমনা ব্যক্তিবর্গ। কর্মী সম্মেলনে গাংনী উপজেলার বিভিন্ন গ্রাম থেকে আগত যাত্রাশিল্পী ও মেহেরপুর জেলা পর্যায়ের বিশিষ্ট নাট্যশিল্পীবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে বেপোরোয়া মোটরসাইকেলের ধাক্কায় শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার বাওট বাজারে মোটরসাইকেলের ধাক্কায় সাদিয়া খাতুন (১০) নামের এক শিশু মারা গেছে। শিশু সাদিয়া মেহেরপুরে গাংনী উপজেলার বাওট গ্রামের বাজার পাড়ার জিয়ারুল ইসলামের মেয়ে।

শনিবার (২২ এপ্রিল) বিকেল সাড়ে ৪টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের বাওট বাজারে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, শিশু সাদিয়া বাড়ির পাশে সড়ক পার হচ্ছিল। এসময় বেপোরোয়া গতিতে যাওয়া একটি মোটরসাইকেলে তাকে ধাক্কা দেয়। ওই ধাক্কায় সে গুরুতর ভাবে আহত হয়। স্থানীয়রা তাকে উদ্ধার করে প্রথমে বামন্দীর একটি বেসরকারি ক্লিনিকে ও পরে সেখান থেকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এতথ্য নিশ্চিত করেছেন।

গাংনীতে মাদক মামলার আসামী গ্রেফতার

গাংনীর ভাটপাড়া আবাসন এলাকার ইমাদুল হক(৩৫) নামের এক মাদক মামলার আসামীকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ। ইমাদুল হক ভাটপাড়া গ্রামের তাহাজ উদ্দিনের ছেলে। গতকাল বুধবার সন্ধায় নওপাড়া বাজার এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়।

পুলিশ জানায়,কিছুদিন আগে একটি মোটরসাইকেলে দুজন মাদক পাচারকারী মাদক নিয়ে গাংনীর দিকে যাচ্ছিল এমন গোপন সংবাদ পেয়ে গাংনী থানা পুলিশের একটি টীম মোটরসাইকেল টিকে ধরার জন্য ধাওয়া করে। এসময় ভাটপাড়া ইকোপার্ক এর সন্নিকটে মোটরসাইকেল ফেলে পালিয়ে যায় দুইজন মাদক পাচারকারী। পরে মোটরসাইকেল তল্লাশী করে একটি ব্যাগ ভর্তি তিন কেজি গাজা উদ্ধার করে পুলিশ।

পরে মোটরসাইকেলটির রেজিস্ট্রেশন নাম্বার যাচাই করে মাদক পাচারকারী সনাত্ব করা হয়। এবং গাংনী থানায় একটি মাদক মামলা রুজু করা হলে পুলিশ ইমাদুল হককে গ্রেফতার করে।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান,ইমাদুল হক তিন কেজি গাজা ও মাদক পাচার কাজে ব্যবহৃত একটি মোটরসাইকেল ফেলে পালিয়ে যায়। মোটরসাইকেলের কাগজপত্র যাচাই করে ইমাদুলকে সনাত্ব করা হয়। তার নামে এর আগেও মাদকের মামলা রয়েছে। তাকে মাদক মামলায় আদালতে সোপর্দ করা হবে।

গাংনীতে ইয়াবা ও হেরোইনসহ মাদক পাচারকারী আটক

মেহেরপুরের গাংনীর ছাতিয়ান থেকে ইয়াবা ও হেরোইনসহ নুরুজ্জামান কনক (৩৫) নামের এক মাদক পাচারকারী কে আটক করেছে গাংনী থানা পুলিশ।

এসময় তার কাছ থেকে ১৯৫ পিস ইয়াবা ও ১০ গ্রাম হিরোইন উদ্ধার করা হয়েছে। মাদক পাচারকারী রোকনুজ্জামান কনক বামুন্দীগ্রামের গোলাম কাওসারের ছেলে।

আজ বুধবার সকালে ছাতিয়ান এলাকা থেকে তাকে আটক করে।

বামুন্দি ক্যাম্পের (ইনচার্জ) এসআাই ইসরাফিল হোসেন জানান, একজন মাদক পাচারকারী মাদক নিয়ে যাচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে রোকনুজ্জামানকে আটক করা হয়। এসময় তার শরীর তল্লাশী করে ১৯৫ পিচ ইয়াবা ও ১০ গ্রাম হেরোইন উদ্বার করা হয়। তাকে আটক করে গাংনী থানা হেফাজতে রাখা হয়েছে।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, রোকনুজ্জামান নামের একজনকে ইয়াবা ও হেরোইনসহ আটক করা হয়েছে। মাদক মামলায় তাকে আদালতে সোপর্দ করা হবে।

ক্ষমা চেয়ে পার পেলেন ডিলার ইলিয়াস

গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের সিমা খাতুন নামের এক উপকার ভোগীর সরকারী খাদ্যবন্ধব কর্মসুচি(ওএমএস) এর কার্ড ছিড়ে দেয়ার ঘটনায় করা অভিযোগ অবশেষে ক্ষমা চেয়ে নিষ্পত্তি হয়েছে।

গতকাল মঙ্গলবার (১৮ এপ্রিল) দুপুরে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের কাছে করা লিখিত আবেদন শুনানি হয়। ভুক্তভোগীর করা অভিযোগের প্রেক্ষিতে ওমএমএস ডিলার ইলিয়াসকে ডেকে মধ্যস্থতা করেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু। এসময় ক্ষমা চাওয়ার ও এমন কর্মকান্ড ভবিশ্যতে যেন না ঘটে তার জন্য শতর্ক করে দেয়া হয় ডিলার ইলিয়াসকে। সেই সাথে সিমা খাতুনকে নতুন কার্ড করে দেয়ার প্রতিশ্রুতি দেয়া হয়।

জানা গেছে,ওএমএস এর কাথুলী ইউনিয়নের ডিলার ইলিয়াসের বিরুদ্ধে কার্ড ছিড়ে ফেলা ও গালিগালাজ করায় উপজেলা নির্বাহী অফিসার বরাবর

লিখিত অভিযোগ দায়ের করেন গাংনীর কাথুলী ইউনিয়নের গাড়াবাড়িয়া গ্রামের সিমা খাতুন নামের এক ভুক্তভোগী ।

ওএমএস ডিলারের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহনের দাবী করে গত বৃহস্পতিবার দুপুরে ভুক্তভোগী সিমা খাতুন গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতুর বরাবর লিখিত আবেদন জমা দেন। অভিযোগ আমলে নিয়ে উপজেলা খাদ্য অফিসারকে তদন্ত করে প্রতিবেদন দিতে বলেন ইউএনও। বিষয়টি ঘটনা স্থলে না গিয়ে অভিযোগকারী সিমা খাতুনকে অফিসে ডেকে নিয়ে অফিসে বসেই তদন্ত শেষ করেন খাদ্য অফিসার। তদন্ত কর্মকর্তার দেয়া তথ্য অভিযোগকারী ও ডিলার ইলিয়াসকে ডেকে নেন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে।

বিষয়টি ছিল ডিলার ও অভিযোগকারি সিমা খাতুনের মধ্যে ঘটে যাওয়া ঘটনা অনাকাঙ্ক্ষিত ও ভুলবোঝাবুঝি। এমন কথা জানিয়ে গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সতু দৈনিক মেহেরপুর প্রতিদিনকে জানান, সিমা খাতুনের অভিযোগ গুরুত্বের সাথে দেখা হয়েছে। কার্ড ছিড়ে দেয়ার বিষয়টি বিভিন্ন মানুষকে জানতে চাওয়া হলে এবিষয়ে কেউ দেখেনি বলে জানান। তাছাড়া কার্ড ছিড়ে দিলেও ওমএমএস এর চাল নিতে কোন সমস্যা হবেনা। তাই ডিলার ইলিয়াসকে আবেদনকারি ক্ষৃমা করে দিয়েছেন। বিষয়টি নিয়ে ডিলার ইলিয়াসও দুঃখ প্রকাশ করেছেন।এরপর ডিলার এমন কর্মকান্ডের বিষয়ে অভিযোগ পেলে ছাড় দেয়া হবেনা বলেও জানান তিনি।

উল্লেখ্য: বর্তমান সরাকরের বহুল প্রশংসিত খাদ্যবান্ধব কর্মসুচী(ওএমএস) কার্ডে চাউল নিতে গেলে ডিলার ইলিয়াসের বিরুদ্ধে কার্ড ছিড়ে টুকরো টুকরো করে দেয়ার অভিযোগ ওঠে। বুধবার বেলা ১১ টার সময় খাদ্যবান্ধব কর্মসুচীর কার্ডে চাউল উত্তোলনের সময় কার্ড ছিড়ে ফেলার ঘটনা ঘটে। পরে ছেড়া কার্ডের টুকরোগুলোও সযতেœ গুছিয়ে নিয়ে চোখ মুছতে মুছতে বাড়ি ফেরেন অসহায় নারী সিমা খাতুন। সিমা খাতুন গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের গাড়াবাড়িয়া গ্রামের মৃত মাহাবুলের স্ত্রী।
সিমা খাতুনের অভিযোগ, আমার স্বামী একমাত্র উপার্জনের ভরসা ছিল। ছোট ছোট ছেলে মেয়ে নিয়ে কোন রকমে সংসার চলতো। এর মধ্যে অসুস্থতার কারনে আমার স্বামী মারা যায়। বিষয়টি জেনে কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাকে খাদ্যবান্ধব কর্মসুচির একটি কার্ড করে দেন। সেই কার্ডের চাউল নিয়ে কোন রকমে আমার ছেলে মেয়েদের খাবার জোগায়। খাদ্যবান্ধব কর্মসুচীর কাথুলী ইউনিয়নের ডিলার গাড়াবাড়িয়া গ্রামের আব্দুস সবুর ইলিয়াসের চাউল মাপার কাজ

করেন সিমা খাতুনের ছেলে মারুফ হোসেন। বুধবার চাউল ওজনের সময় মারুফ প্রচন্ড গরমে হঠাৎ অসুস্থ্য হয়ে পড়লে সে বাড়ি চলে যায়। এসময় ইলিয়াস তাকে ডাকতে গেলে অসুস্থ্য এই মুহুর্তে চাউল ওজনের কাজ করতে পারবেনা বলে জানায় মারুফ। সে সময় মারুফের মা সিমা খুতন তার কার্ডে চাউল নেয়ার জন্য লাইনে দাঁড়িয়ে ছিলেন। মারুফ চাউল ওজনের কাজ করবে না এমন ক্ষোভে সিমা খাতুনের হাত থেকে কার্ড কেড়ে নিয়ে ছিড়ে টুকরো টুকরো করে ফেলে দেয় ডিলার ইলিয়াস হোসেন। ছেড়া কার্ডের টুকরো গুলো কুড়িয়ে আচলে ◌ঁ◌েবধে চোখ মুছতে মুছতে বাড়ি যান সিমা খাতুন।

এঘটনায় ওই দিন ভুক্তভোগী সিমা খাতুন বিষয়টি গাংনী উপজেলা নির্বাহী অফিসার বরাবর মৌখিক অভিযোগ করলে উপজেলা নির্বাহী অফিসার বিষয়টি কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানাকে সুরাহা করার নির্দেশনা দেন। বিষয়টি সেখানে নিষ্পত্তি না হলে উপজেলা নির্বাহী অফিসার বরাবর লিখিত আবেদন করেন সিমা খাতুন নামের ওই ভুক্তভোগী।

গাংনী রিপোটার্স ক্লাবের উদ্যোগে ইফতার ও দোয়া মাহিফল অনুষ্ঠিত

গাংনী রিপোটার্স ক্লাবের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার ২৬ রমজার বিকেলে গাংনী পাইলট হাইস্কুল মাঠে অনুষ্ঠিত ইফতার ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২(গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

রিপোটার্স ক্লাবের সভাপতি আনারুল ইসলাম বাবুর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক।

ইফতার ও দোয়া মাহফিলে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী

প্রেসক্লাব সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, সাধারণ সম্পাদক মাহাবুব আলম।

ইফতার মাহফিলে রিপোটার্স ক্লাবের সাধারণ সম্পাদক আল আমিন হোসেন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি এমএ লিংকন, সম্পাদক নুরুজ্জামান পাভেল, দৈনিক সুর্যোদয় পত্রিকার প্রকাশক আবুল কাশেম অনুরাগী, ভারপ্রাপ্ত সম্পাদক আতিক স্বপন, ইটভাটা মালিক সমিতির সভাপতি এনামুল হক, সম্পাদক মনিরুজ্জামান আতুসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দরা উপস্থিত ছিলেন।

ইফতার পুর্ববর্তী দোয়া পরিচালনা করেন মাওলানা মোঃ জাহিদুর রহমান।

গাংনীতে পরিবারের প্রতি অভিমানে শরীরে পেট্রোল ঢেলে তরুণের মৃত্যু

মোটরসাইকেল চড়া নিয়ে পরিবারের প্রতি অভিমান করে শরীরে পেট্রোল ঢেলে এক তরুণের মৃত্যু হয়েছে। নিহতের নাম তারিখ হোসেন (১৭)। সে মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের মোল্লা পাড়ার লাভলু হোসেনের ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, গত বৃহস্পতিবার দুপুরে মোটরসাইকেল চড়া নিয়ে পরিবারের সাথে ঝামেলা হয় তারিখের। এক পর্যায়ে তার কাছ থেকে মোটরসাইকেলের চাবি কেড়ে নেয় পরিবারের লোকজন। সেই কারণে তারিখ পরিবারের প্রতি অভিমান করে শরীরে পেট্রোল ঢেলে আগুন লাগিয়ে আত্মহত্যার চেষ্টা করে। গুরুতর দগ্ধ অবস্থায় তাকে উদ্ধার করে কুষ্টিয়া হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরে সেখানে অবস্থার অবনতি ঘটলে উন্নত চিকিৎসার জন্য শেখ হাসিনা বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট ঢাকায় রেফার্ড করে কুষ্টিয়ার কর্তব্যরত চিকিৎসকেরা।

অগ্নিদগ্ধ হয়ে তারিখের শরীরের অর্ধেকেরও বেশি অংশ পুড়ে গেছে। গত

সোমবার (১৭ই এপ্রিল) বিকেলে ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

বিষয়টি নিশ্চিত করে স্থানীয় ইউপি সদস্য (কাজিপুর ইউনিয়ন) মো: মহিবুল ইসলাম জানান, গত ৬দিন আগে মোটরসাইকেল চড়া নিয়ে পরিবারের সাথে ঝামেলার কারণে ছেলেটি শরীরে পেট্রোল ঢেলে আগুন লাগিয়ে আত্মহত্যার চেষ্টা করে। বিভিন্ন জায়গায় চিকিৎসা নিয়েও অবস্থার উন্নতি হয়নি; গতকাল ঢাকায় মারা যায়। গতকাল মঙ্গলবার দুপুর ২টায় হাড়াভাঙ্গা মোল্লা পাড়ায় তার দাফন সম্পুর্ন হয়েছে।